গাংনীতে অন্ধকার কুঁড়ে ঘরে বৃদ্ধ দম্পতির মানবেতর জীবন যাপন

অনাহারে অর্ধাহারে অন্ধকার কুড়ে ঘরে মানবেতর জীবন যাপন করছে সেকান্দার আলীর ও তার স্ত্রী তারাফোন খাতুন। তাদের বাড়ি মেহেরপুরের গাংনীর বামন্দী ইউনিয়নের ঝোড়াঘাট গ্রামে। বৃদ্ধ দম্পতির শেষ বয়সে শীতে কুঁড়ে ঘরে স্যাঁতসেতে মেঝেতে বিছানো একটি পাটিই এখন তাদের ভরসা।
রোগাক্রান্ত শরীর আর অভাব অনটন নিয়ে কোন দিন তার চুলা জ্বলে, আবার কখনও না খেয়েই দিন পার করছে তারা। নিকটত্মীয় বলতে একমাত্র ছেলে তারও অভাবের কারণে সব সময় বৃদ্ধ পিতা মাতাকে দেখভাল করা সম্ভভ হয়ে উঠে না।
বয়সের ভারে বৃদ্ধ সেকান্দার আলীর ও তার স্ত্রী তারাফোন খাতুনের পক্ষে চলাচল করাটাও কষ্টসাধ্য। তবুও পেটের দায়ে রোগা শরীর নিয়ে লাঠিভর দিয়ে মানুষের কাছে হাত পেতে যদি কিছু জোটে তা দিয়েই জ্বলে তাদের চুলা। অসুস্থতার কারণে বাড়ির বাইরে খাবারের সন্ধানে বের হতে না পারায় উপোস থাকতে হয় তাদের।
সরেজমিনে দেখা যায়, সেকান্দার আলীর ও তার স্ত্রী তারাফোন খাতুন ছোট একটি কুঁড়ে ঘরে বসবাস করে। ঘরে বৈদ্যুতিক কোন সুবিধা নেই। নেই কোন আলোর ব্যবস্থাও। খুব প্রয়োজন হলেও খড়কুটোর আগুন দিয়ে কিছু সময়ের জন্য আলোর ব্যবস্থা করে তারা। ঘরের বিভিন্ন অংশ ভাঙ্গাচোরা হওয়ার কারণে পোকা মাকড়ের সাথেই বসবাস করতে হয়। সেখানে এলোমেলো তার পুরনো কাপড়-চোপড়। চারপাশে ছড়িয়ে ছিটিয়ে থাকা হাড়ি-পাতিল। এসব নিয়েই তাদের সংসার। ছোট্ট ঘরে আলো নেই। ছোট একটি কুঁড়ে ঘরে আতঙ্ক আর ভয়ভীতির মধ্যে রাত্রি পার করতে হয় তাদের।
কান্না ভেজা চোখে সেকান্দার আলীর বলেন, অভাব অনটনে খুব কষ্টে আছি। এখন আমাদের দুচোঁখে আর কোন স্বপ্ন নেই। দারিদ্রের কারণে সব স্বপ্ন যেন ম্লান হয়ে গেছে। অভাব অনটনের সংসারে মেটাতে পারেনি জীবনের অনেক শখ। কিছুদিন আগেও পরের জমি বা কারো বাড়িতে কামলা খেটে চালাতে সংসার। এখন বয়সের ভারে আর কাজ করতেও পারি না।
ঝড় বৃষ্টি মাথায় বছরের পর বছর এই ভাঙ্গা কুড়ে ঘরেই বসবাস করছি। কথাগুলো বলার সময় দুচোখে কষ্টের মেঘ আর জমে থাকা চোখের জল

গাংনীতে যুবদলের কর্মী সভা ও ইউনিয়ন কমিটি ঘোষণা

মেহেরপুরের গাংনীতে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের কর্মী সভা ও ইউনিয়ন কমিটি ঘোষণা করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ১০ টার দিকে গাংনী বাজারের উপজেলা বিএনপি’র কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।
উপজেলা যুবদলের আহবায়ক মালেক হোসেন চপলের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা বিএনপি’র সভাপতি ও তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদ সাবেক চেয়ারম্যান রেজাউল হক।
সভায় বক্তব্য রাখেন জেলা বিএনপি’র সহ-সভাপতি শহিদুল ইসলাম নাসির, সাংগঠনিক সম্পাদক ও সাবেক সহ-সভাপতি জুলফিকার আলী ভুট্টো, যুগ্ম সাধারণ সম্পাদক ও বামন্দি ইউনিয়ন পরিষদ সাবেক চেয়ারম্যান আব্দুল আওয়াল।
সভায় ৯ নম্বর রাইপুর ইউনিয়নে হেমায়েতপুর গ্রামের আরেফিন হোসেনকে আহবায়ক করে ১৩ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি এবং ৬ নম্বর ষোলটাকা ইউনিয়নে আমতৈল গ্রামের শামীম আহম্মেদকে আহবায়ক করে ১৮ সদস্য বিশিষ্ট আহবায়ক গঠন করা হয়। সভায় এ কমিটিকে আনুষ্ঠানিকভাবে ঘোষণা দেয়া হয়।
এ সময় উপস্থিত ছিলেন যুগ্ম সাধারণ সম্পাদক ও স্বেচ্ছাসেবক দলের সাবেক সভাপতি মনিরুজ্জামান গাড্ডু, সহ-সভাপতি আঃ হামিদ, সহ-সভাপতি ও ধানখোলা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আখেরুজ্জামান, যুগ্ম সাধারণ সম্পাদক ও পৌর বিএনপি’র সাবেক সভাপতি এবং ভারপ্রাপ্ত মেয়র ইনসারুল হক ইন্সু, বিএনপি নেতা ষোলটাকা ইউনিয়ন সাবেক চেয়ারম্যান আলফাজউদ্দিন কালু, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়ন পরিষদ সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু, বিএনপি নেতা ও ষোলটাকা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মনিরুজ্জামান মনি, জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আব্দাল হক, পৌর যুবদলের আহবায়ক সাইদুল ইসলাম, সদস্য সচিব এনামুল হকসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে সাজাপ্রাপ্ত আসামিসহ ৭ জন গ্রেফতার

মেহেরপুরের গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে সাজাপ্রাপ্ত আসামিসহ সাত জনকে গ্রেপ্তার করে আদালতে সোপর্দ করেছে।
গত বুধবার রাতে গাংনী থানা পুলিশের কয়েকটি টিম উপজেলার বিভিন্ন এলাকা থেকে তাদেরকে গ্রেফতার করে। এদের মধ্যে একজন নারী আসামিও রয়েছে।
এরা হচ্ছে তিন বছরের সাজাপ্রাপ্ত আসামি গাংনী উপজেলার বড় বামন্দি গ্রামের আঃ লতিফের ছেলে শাহিন (৩৫) ও সহড়াতলা গ্রামের মৃত শামসুদ্দিনের ছেলে বাবুর আলী (৪০)।
অন্যান্য মামলার আসামিরা হচ্ছে উপজেলার শালদহ গ্রামের নইমুদ্দিন এর ছেলে আলিমুদ্দিন (৩৫) ও তার স্ত্রী রিনা বেগম (২৫), তেরাইল গ্রামের আঃ রশিদের ছেলে আনিসুর রহমান (৪০), গরীবপুর গ্রামের নুরুল হুদার ছেলে আব্বাসউদ্দিন (৪৫) এবং কাজিপুর গ্রামের বাদল মণ্ডলের ছেলে আঃ আজিজ (৬৫)।
গাংনী থানা অফিসার ইনচার্জ ওবাইদুর রহমান জানান, সাজাপ্রাপ্ত আসামি শাহীন ও বাবর আলীর অনুপুস্থিতিতে বিজ্ঞ আদালত তাদেরকে তিন বছরের সাজা প্রদান করেন। সে থেকেই তারা পলাতক ছিল। তাদের অবস্থান নিশ্চিত হয়ে পুলিশের অভিযান দল তাদেরকে গ্রেফতার করতে সক্ষম হয়। অন্যান্য আসামিদের বিরুদ্ধেও আদালতে গ্রেপ্তারি পরোয়ানা রয়েছে।

গাংনীতে বিষ পানের ৩ দিন পর মারা গেলন হুমায়ুন

মেহেরপুরের গাংনীতে পারিবারিক কলহের জের ধরে হুমায়ুন (৩০) নামের এক যুবকের বিষপানে আত্মহত্যা করেছে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে তার মৃত্যু হয়। নিহত হুমায়ুন গাংনী উপজেলার মহম্মদপুর গ্রামের পূর্বপাড়ার এখলাস হোসেনের ছেলে।
মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ জানান, পারিবারিক কলহের জের ধরে রোববার (৮ নভেম্বর) দিবাগত মধ্যরাতে বিষপানে আত্মহত্যার চেষ্টা করে।
পরিবারের লোকজন তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। সেখানে অবস্থার অবনতি দেখা দিলে তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়। চিকিৎসাধীন অবস্থায় গতকাল বৃহস্পতিবার দুপুরে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে তার মৃত্যু হয়।
গাংনী থানা অফিসার ইনচার্জ ওবাইদুর রহমান ঘটনাস্থল পরিদর্শন করেছেন। এ বিষয়ে গাংনী থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

ঝিনাইদহে কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা ভাতা বিতরণ

ঝিনাইদহে মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা ভাতা বিতরণ করা হয়েছে। তহবিলের আওয়তায় আগামী ৩৬ মাস শহরের পৌর এলাকার ৩ শত মায়েদের প্রতি মাসে ৮ শত টাকা করে প্রদান করা হবে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে ঝিনাইদহ পৌরসভার মিলনায়তনে
ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মেয়র সাইদুল করিম মিন্টুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নিলুফার রহমান, সদর থানার ওসি মিজানুর রহমান, ব্যাংক এশিয়া ঝিনাইদহ শাখার ব্যবস্থাপক তৌহিদুজ্জামান।

ঝিনাইদহে মাস্ক ব্যবহার নিশ্চিত করতে অভিযান

ঝিনাইদহে করোনা সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্য বিধি মানা ও মাস্ক ব্যবহার নিশ্চিত করতে ভ্রাম্যমাণ আদালতের অভিযান অব্যাহত রয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল থেকে শহরের পায়রা চত্তর, আরাপপুর, হামদহ বাসটার্মিনালসহ বিভিন্ন স্থানে জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট অভিযান পরিচালনা করেছে।
জেলা প্রশাসক সরোজ কুমার নাথ জানান, করোনার ২য় ঢেউ মোকাবেলায় জেলা প্রশাসনের পক্ষ থেকে ৩ দিন ব্যাপী ক্রাশ প্রোগ্রাম হাতে নেওয়া হয়েছে। মঙ্গলবার থেকে বৃহস্পতিবার দুপুর পর্যন্ত শহরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে মাস্ক না পরার অপরাধে ৬০ জনকে ৩২ হাজার ৭ শত ৫০ টাকা জরিমানা করা হয়। এছাড়াও স্বাস্থ্যবিধি মেনে চলাচল ও মাস্ক ব্যবহার করতে প্রচারণা চালানো হচ্ছে।

আলমডাঙ্গা বণিক সমিতি নির্বাচনের প্রতীক বরাদ্দ

আগামী ২১ নভেম্বর (শনিবার) অনুষ্ঠিতব্য আালমডাঙ্গা বণিক সমিতি নির্বাচনে প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ করেছে প্রধান নির্বাচন কমিশনার সিরাজুল ইসলাম। এ সময় নির্বাচনে বিভিন্ন পদের জন্য প্রতিদ্বন্দ্বী প্রার্থীরা উপস্থিত ছিলেন।

সভাপতি পদে প্রতিদ্বন্দ্বীতায় তিনজনের মধ্যে আজিম উদ্দিন প্রতীক পেয়েছেন চাকা, আরেফিন মিয়া মিলন পেয়েছেন ছাতা ও সাবেক সভাপতি মকবুল হোসেন পেয়েছেন দোয়াত কলম। সহ-সভাপতি পদে একেএম এনামুল কবীর প্রতীক পেয়েছেন চশমা, কামরুজ্জামান হীরা প্রতীক পেয়েছেন মাছ ও তাইজাল হক তাজু পেয়েছেন দেওয়াল ঘড়ি।

সাধারণ সম্পাদক পদেও প্রতিদ্বন্দ্বীতায় তিনজনের মধ্যে কামাল হোসেন প্রতীক পেয়েছেন আনারস, আব্দুল্লাহ আল মামুন পেয়েছেন কুঁড়েঘর ও আমিনুল হক বিশ্বাস ঘেটু পেয়েছেন বাইসাইকেল। সহ-সাধারণ সম্পাদক পদে আমিরুল ইসলাম প্রিন্স পেয়েছেন হাঁস, রফিকুল আলম পেয়েছেন গোলাপফুল ও শরিফুল ইসলাম পেয়েছেন বাঘ প্রতীক। সাংগঠনিক সম্পাদক পদে জনি মিয়া বরাদ্দ পেয়েছেন চেয়ার ও আব্দুল লতিফ পেয়েছেন মই প্রতীক। কোষাধ্যক্ষ পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থী রেজাউল ইসলাম পেয়েছেন হাতি ও সাবেক কোষাধ্যক্ষ আলাউদ্দিন পেয়েছেন মোরগ প্রতীক। ক্রীড়া সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থী আব্দুল মজিদ পেয়েছেন ফুটবল ও একই পদে বাবলুর রহমান পেয়েছেন আম প্রতীক।
অপরদিকে, ধর্ম বিষয়ক পদে হাফেজ মোতালেব হোসেন ও দপ্তর সম্পাদক পদে আইয়ুবুর রহমানের বিপক্ষে কোন প্রতিদ্বন্দী প্রার্থী না থাকায় তাদের দুইজনকেই নির্বাচিত ঘোষনা করা হয়েছে।

এছাড়া নির্বাচনে ১২ জন প্রার্থী সদস্য পদে প্রতিদ্বন্দ্বীতা করছেন। এদের মধ্যে জসিম উদ্দিন পেয়েছেন হাতপাখা, জাহাঙ্গীর আলম পেয়েছেন সিলিং ফ্যান, আব্দুল ওহাব বাবলু পেয়েছেন কাপপিরিচ, ফজলুর রহমান পেয়েছেন মোমবাতি, মীর মতিয়ার রহমান পেয়েছেন হারিকেন, রেজাউল হক তোতা পেয়েছেন ঘোড়া, সিরাজুল ইসলাম পেয়েছেন ষাঁড়, জয়নাল আবেদীন (ক্যাপ) পেয়েছেন হরিণ, মনিরউদ্দিন পেয়েছেন টেবিল, শফিউল হাসান মিলন পেয়েছেন মিনার, শেখ সাদি শিশির পেয়েছেন বালতি ও শ্রী বাপ্পী সাহা পেয়েছেন কবুতর প্রতীক।

ঝিনাইদহ ও হরিণাকুণ্ডু প্রেস ক্লাবের প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ঝিনাইদহ প্রেস ক্লাব ও হরিণাকুণ্ডু প্রেস ক্লাবের মধ্যে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেলে হরিণাকুণ্ডু উপজেলা ক্রীড়া সংস্থার মাঠে এ

ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার শুভ উদ্বোধন করেন উপজেলা পরিষদ চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, বিশেষ অতিথি হিসেবে ছিলেন উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা ও হরিণাকুণ্ডু থানার অফিসার ইনচার্জ আব্দুর রহিম মোল্লা।

এছাড়াও উপস্থিত ছিলেন ইউপি চেয়ারম্যান ফজলুর রহমান, গোলাম মোস্তফা, মোহাম্মদ আলী, পৌর কাউন্সিলর ফারুক হোসেন, ঝিনাইদহ প্রেস ক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু, সমকাল ও ডিবিসি নিউজ এর কুস্টিয়া প্রতিনিধি সাজ্জাদ রানা, বাংলাদেশ প্রতিদিন ও একুশে টেলিভিশন এর কুস্টিয়া প্রতিনিধি জহুরুল ইসলাম প্রমুখ ।

উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত এই প্রীতি ফুটবল ম্যাচে ঐতিহ্যবাহী ঝিনাইদহ প্রেস ক্লাব হরিণাকুণ্ডু প্রেসক্লাবকে ৭-১ গোলে পরাজিত করে। খেলাশেষে প্রধান অতিথি ঝিনাইদহ প্রেস ক্লাবের সদস্যদের হাতে পুরস্কার তুলে দেন।

ঝিনাইদহে বেতন কর্তনের প্রতিবাদে মানববন্ধন

করোনার শুরুর দিকে হাসপাতালের আয় কমলেও এখন আগের মতই আয় হচ্ছে। কিন্তু করোনাকে পুঁজি করে ঝিনাইদহ ডায়াবেটিক হাসপাতালে ব্যবস্থাপনা কমিটি কর্মরত কর্মচারী ও কর্মকর্তাদের বেতনের ২৫ ভাগ কেটে নিচ্ছে। এমন অভিযোগ করেছে প্রতিষ্ঠানটির কর্মরতরা।
গতকাল বৃহস্পতিবার সকালে ডায়াবেটিক হাসপাতাল চত্বরে হাসপাতালের কর্মকর্তা, কর্মচারীরা ব্যানার ফেস্টুন নিয়ে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশে করে। এ কর্মসূচীতে চিকিৎসকরাও অংশ নেয়, এসময় বন্ধ থাকে চিকিৎসা সেবা।
সমাবেশে বক্তারা অভিযোগ করেন, করোনা শুরুর দিকে আমাদের সাথে কোন প্রকার আলোচনা না করেই বেতনের ৫০ ভাগ কেটে নেওয়ার সিন্ধান্ত নেওয়া হয় । রোগী কম আসার কারণে আমরা সেই সময় কোন

প্রতিবাদ করিনি। কিন্তু বর্তমানে রোগীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে, বেড়েছে হাসপাতালের আয়। তারপরেও হাসপাতালের ব্যবস্থাপনা কমিটি অসৎ উদ্দেশ্যে আমাদের বেতনের ২৫ ভাগ কেটে নিচ্ছে। দিনের পর দিন তাদের কাছে বলা হলেও তারা কোন কর্ণপাত করছেন না। দ্রুত আমরা পুর্নাঙ্গ বেতন ভাতা দেওয়ার দাবি জানাচ্ছি।
এ বিষয়ে ঝিনাইদহ ডায়াবেটিক হাসপাতালের ব্যবস্থাপনা কমিটির সভাপতি মীর নাসির উদ্দিন বলেন, কর্মকর্তা-কর্মচারীদের বেতন ২৫ ভাগ না ১০ ভাগ কম দেওয়া হচ্ছে। করোনার কারণে আয় কমে যাওয়ায় এ সমস্যা হয়েছে। পরিস্থিতি স্বাভাবিক হলে বেতন পুর্নাঙ্গ দেওয়া হবে।

কালীগঞ্জে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কালীগঞ্জ থানা পুলিশ ৫৫ বোতল ফেনসিডিলসহ এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে কালীগঞ্জ থানার এসআই আবুল খায়ের ও এএসআই তারিকুজ্জামানসহ সঙ্গীয় ফোর্স নিয়ে শহরের নতুন বাজার এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করেন। তার হাতে থাকা একটি কার্টুনের ভিতরে বিশেষ কায়দায় ফেনসিডিল বেধে তা পাচার করা হচ্ছিলো। আটককৃত মাদক ব্যবসায়ী ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার ভৈরবা পূর্বপাড়া গ্রামের শহিদুল ইসলামের পুত্র আঃ সালাম (২৮)।

কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া জানান, গোপন সংবাদ পেয়ে পুলিশ শহরের নতুন বাজার এলাকায় অভিযান চালিয়ে ৫৫ বোতল ফেন্সিডিলসহ একজনকে আটক করে, আটককৃত ব্যক্তির বিরুদ্ধে কালীগঞ্জ থানায় মাদক দ্রব্য আইনে মামলা হয়েছে।